



মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি

৮, শহীদ সাংবাদিক সেলিনা পারভীন সড়ক, গুলফেশা প্লাজা (৭ম তলা)
বড় মগবাজার, রমনা, ঢাকা-১২১৭।



‘মুজিববর্ষের উপহার
ক্ষুদ্র অর্থায়নে দারিদ্র্য মুক্তির অঙ্গীকার’

স্মারক নম্বর: ৫৩.০৪.০০০০.২১.৩১.০০৮.২২-১৯০৬

তারিখঃ ১০ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ
২৫ আগস্ট ২০২২ খ্রিস্টাব্দ

বিষয়ঃ-ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটির ফোকাল পয়েন্ট নির্ধারণ।

উপরোক্ত বিষয়ে দৃষ্টি আকর্ষণপূর্বক জানানো যাচ্ছে যে, ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় কমিটির ফোকাল পয়েন্ট হিসেবে নির্ধারিত জেলা ভিত্তিক ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান নির্ধারণ করা হয়েছে, যা এতদসঙ্গে প্রেরণ করা হলো।

২। উল্লেখিত ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা/উপযুক্ত প্রতিনিধি সংশ্লিষ্ট জেলার সমন্বয় কমিটিতে ফোকাল পয়েন্ট ও যুগ্ম ফোকাল পয়েন্ট হিসেবে দায়িত্ব পালন করবেন। ফোকাল পয়েন্ট ও যুগ্ম ফোকাল পয়েন্ট এর কার্যপরিধি নিম্নরূপঃ

(১) মাইক্রোক্রেডিট রেগুলেটরী অথরিটি (এমআরএ) এর ডাটাবেজ থেকে ক্ষুদ্রঋণ বিষয়ক সার্বিক চিত্র/তথ্য সংগ্রহ করে ক্ষুদ্রঋণ কার্যক্রম বিষয়ক জেলা সমন্বয় সভায় উপস্থাপন করা।

(২) জেলা সমন্বয় কমিটির সভাপতি, সদস্য সচিব এবং সংশ্লিষ্ট জেলায় কার্যরত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের সঙ্গে কার্যকর যোগাযোগ রক্ষা করা।

(৩) সমন্বয় কমিটির সিদ্ধান্ত মতে প্রাসংগিক কার্যাদি।

৩। উক্ত সমন্বয় কমিটির ফোকাল পয়েন্ট ও যুগ্ম ফোকাল পয়েন্ট হিসেবে প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তা/প্রয়োজনে উপযুক্ত জ্যেষ্ঠ প্রতিনিধি মনোনীত করে নাম, পদবী, মোবাইল নম্বর, ইমেইল নম্বর ও ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা ইত্যাদি সংশ্লিষ্ট জেলা প্রশাসকের নিকট প্রেরণ করে অথরিটিকে কে অবহিত করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনা মোতাবেক।

মোঃ জিলুর রহমান

পরিচালক

ফোনঃ ৮৩৩২৫৩৮

প্রধান নির্বাহী কর্মকর্তা

সনদপ্রাপ্ত সকল ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠান।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

(১) জেলা প্রশাসক.....(সকল)